বরগুনা সদর উপজেলার মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক সম্পর্কিত স্থায়ী কমিটির অক্টোবর/২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব ইমরান হোসেন রাসেল, ভাই চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
স্থান: উপজেলা প্রাণিসম্পদ অফিসারের অফিস কক্ষ।
তারিখ: ১৯/১০/২১ খ্রি:
সময়: সকাল ১১.০০ ঘটিকা।

সম্মানিত সদস্যগণের উপস্থিতি পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

আলোচ্য বিষয়:

১.বিগত সভার কার্যবিরণী দৃঢ় করণ।
২.বিভাগীয় কতার্যক্রম বিষয় আলোচনা করা।
৩.খামারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন বিষয়।
৪.বিবিধ।

অদ্য ১৯/১০/২১ খ্রি: সকাল ১১.০০ ঘটিকার সময় জনাব মো: জনাব ইমরান হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা মহোদয়ের সভাপতিত্বে বরগুনা সদর উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বরগুনা সদর, বরগুনাকে দায়িত্ব অর্পন করেন। আলোচ্য বিষয়ের আলোকে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃঢ় করা হয়। পরবর্তীতে আলোচ্য বিষয় পর্যায়ক্রমে আলোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহন করাপ হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত ও সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ২ নং আলোচ্য সূচী অনুযায়ী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,বরগুনা সদর, বরগুনা ও সদস্য সচিব সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে সেপ্টেম্বর/২১ এবং অক্টোবর/২১ মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বরগুনা সদর, বরগুনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে মাংস, দুধ ও ডিম উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সম্প্রসারণ মূলক কার্যক্রম সম্পন্ন করে। ৫২৩টি গাভীর কৃত্রিম প্রজনন, ২২৬টি বাচ্চা উৎপাদন, ৩৯৮১ মাত্রা গবাদি প্রাণির টিকা প্রয়োগ, ৩৩৬০০০মাত্রা হাঁস-মুরগির টকা প্রয়োগ, ২০৩৬টি গবাদি প্রাণির চিকিৎসা প্রদান, ৩৪৭৯৪চটি হাসঁ মুরগির চিকিৎসা প্রদান, ৪টি গবাদি পশু পাখির ডিজিস সার্ভিলেন্স সম্পন্ন, , খামার স্থাপণের জন্য ১২টি উঠান বৈঠকের আয়োজন, ৫৩একর স্থায়ী উচ্চফলনশীল ঘাস চাষের ব্যবস্থা করণ, ২৪টি খামার পরিদর্শন, ৯টি পোষ্য প্রাণি চিকিৎসা প্রদান, রোগ নির্নয়ের জন্য ৫১ টি নমুনা প্রেরণ, ১৪০ জন খামারি প্রশিক্ষণ, ৪টি খামার রেজিস্ট্রেশন করা হয়। তিনি আরো বলেন যে, উপরোক্ত কার্যক্রম অত্র দপ্তরের নিয়মিত কার্যক্রম এবং এসকল কার্যক্রম সম্পাদনের ফলে খামারিরা গবাদি প্রাণি ও হাঁস-মুরগি পালনে আরো উৎসাহিত হবে এবং নিরাপদ প্রাণিজ আমিষ উৎপাদন বৃদ্ধি পাবে, সাথে সাথে বেকার সমস্যা দূর হবে। | প্রাণিসম্পদ বিভাগের চলমান কার্যক্রম আরো গতিশীল করার জন্য আহবান করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ২ | ৩নং আলোচনায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বরগুনা সদর, বরগুনা ও সদস্য সচিব সভাকে জানান যে, বরগুনা সদর উপজেলায় ছোট বড় অনেকগুলো ডেইরী খামার, ছাগলের খামার, হাঁস মুরগির খামার রয়েছে। খামারিরা উপযুক্ত প্রশিক্ষণের অভাবে খামার হতে কাঙ্খিত উৎপাদন হতে বঞ্চিত হচ্ছে। ফলে দুধ ও মাংস ও ডিম উৎপাদন কাঙ্খিত মাত্রায় পাচ্ছেন না। অত্র উপজেলার গবাদি প্রাণির ডেইরী খামারিদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করলে গবাদি প্রাণির স্বাস্থ্যে সুরক্ষাসহ দুধ ও মাংস উৎপাদন কাঙ্খিত মাত্রায় বৃদ্ধি পাবে। তাই ইউডিএফ প্রকল্প এর তহবিল হতে ডেইরী খামারিদের প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের ইউডিএফ প্রকল্প থেকে ডেইরী খামারিদের ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ বরগুনা সদর। |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

ইমরান হোসেন রাসেল
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বরগুনা সদর, বরগুনা
ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
বরগুনা সদর উপজেলা পরিষদ।

স্মারক নং ৩৩.০১.০৪২৮.০০০.১৬.০১৮.২২/৬০১ তারিখঃ ১৯/১০/২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর।
২.উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর।
৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর।
৪.অফিস কপি।

19.10.21

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উরগুনা সদর, বরগুনা।
ও
সদস্য সচিব
বরগুনা সদর উপজেলা পরিষদ
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।

পরিশিষ্ট "ক"
সম্মানিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর

| ক্র: নং | কমিটির সদস্যদের নাম ও পদবি | কমিটিতে পদ- মর্যাদা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ইমরান হোসেন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরগুনা সদর, বরগুনা। | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ১নং বদরখালী ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৪ নং কেওড়াবনিয়া ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বরগুনা সদর বরগুনা। | সদস্য- সচিব | স্বাক্ষরিত |

19.10.21

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উরগুনা সদর, বরগুনা।
ও
সদস্য সচিব
বরগুনা সদর উপজেলা পরিষদ,
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।